**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
**www.bb.org.bd**

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)/১২৩/২০১৭-১৭

তারিখ: ২৩ কার্তিক, ১৪২৪ / ৭ নভেম্বর, ২০১৭

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**ট্রেড ফ্যাসিলিটেশনের লক্ষ্যে আমদানি পণ্যের দ্রুত শুল্কায়ন ও শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে The Customs Act, 1969 এর Section 219B মোতাবেক পণ্যের মোড়ক বা প্যাকিং ম্যাটেরিয়ালস এর মূল্য বিবেচনাকরণ সংক্রান্ত রুলিং এর ব্যাখ্যা।**

শিরোনামোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের ২৯/১০/২০১৭ তারিখের ০৮.০১.০০০০.০৫৭.০১.১৩.১৭/১৮৮ সংখ্যক স্মারকের (সংযুক্ত) প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

২. আমদানিকৃত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরুপণের ক্ষেত্রে পণ্যের পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি এমন প্যাকিংজনিত ব্যয়কে শুল্কায়নযোগ্য মূল্যের সাথে অন্তর্ভুক্ত করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইতোপূর্বে জারিকৃত ০৯/১০/২০১৭ তারিখের পত্র নং ০৮.০১.০০০০.০৫৭.০১.১৩.১৭/১৭৬ এর মাধ্যমে জারীকৃত নির্দেশনায় পরিলক্ষিত অস্পষ্টতা দূরীকরণে উপরোল্লিখিত ২৯/১০/২০১৭ তারিখের পত্রের মাধ্যমে কিছু বিষয়ে ব্যাখ্যা প্রদান করা হয়েছে, যা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

৩. অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

সংযুক্তি: বর্ণনামতে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৩১৯
abdul.mannan@bb.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নথি নংঃ ০৮.০১.০০০০.০৫৭.০১.১৩.১৭/২১৮ তারিখঃ ২৯/১০/২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ ট্রেড ফ্যাসিলিটেশনের লক্ষ্যে আমদানি পণ্যের দ্রুত শুল্কায়ন ও শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে The Customs Act, 1969 এর Section 219B মোতাবেক পণ্যের মোড়ক বা প্যাকিং ম্যাটেরিয়ালস এর মূল্য বিবেচনাকরণ সংক্রান্ত রুলিং এর ব্যাখ্যা।**

সূত্র: ১। General Rules for the Interpretation of the Harmonized System এর Rule-5(b)।
২। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন আদেশ নং 120/2001/Cus, Date: 08/08/2001
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং ০৮.০১.০০০০.০৫৭.০১.১৩.১৭/১৭৬, তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। আমদানিকৃত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নিরূপণের ক্ষেত্রে পণ্যের পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের (Price paid & payable) মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি এমন প্যাকিংজনিত ব্যয়কে শুল্কায়নযোগ্য মূল্যের সাথে অন্তর্ভুক্ত করার জন্য সূত্রোক্ত ৩ নং পত্রের মাধ্যমে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করা হয়েছে। উক্ত নির্দেশনা জারির পর মাঠ পর্যায়ে এ বিষয়ে কিছু অস্পষ্টতা পরিলক্ষিত হওয়ায় আলোচ্য ক্ষেত্রে নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করা হলোঃ-

(ক) আমদানিকৃত মূল পণ্য কন্টেন্টস (Contents) । যেমন- একটি পারফিউমের বোতল/কন্টেইনারে পারফিউম হলো কন্টেন্টস, তবে পারফিউমটি যে বোতল/কন্টেইনারে প্যাকেটজাত করা হয়েছে সে বোতল/কন্টেইনারের মূল্য সামগ্রিকভাবে পণ্যটির মূল্য নির্ধারণে ভূমিকা রাখে। ফলে আমদানিকৃত পণ্যের মূল্য নিরূপনের ক্ষেত্রে কন্টেন্টস এবং বোতল/কন্টেইনার/প্যাকিং ম্যাটেরিয়াল (গ্লাস, স্টীল, আয়রন, এ্যালুমিনিয়াম ইত্যাদি) মূল্য বিবেচনায় নিয়ে শুল্কায়ন করতে হবে।

(খ) আন্তর্জাতিক উত্তম চর্চা অনুসরণপূর্বক আমদানিতব্য পণ্যের মূল্য নিরূপণ সহজীকরণের জন্য প্রয়োজনে যে সকল পণ্য প্রথম তফসিল মোতাবেক কেজি হিসেবে শুল্কায়ন হয় তা অনেক ক্ষেত্রে বাজারে ইউনিট হিসেবে ক্রয়, বিক্রয় হতে পারে, সে ক্ষেত্রে পণ্যের মোট ইউনিটের মূল্য গণনা (Calculation) করে তা কেজিতে রুপান্তরপূর্বক শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণ করা যেতে পারে।

৩। The Customs Act, 1969 এর Section 219B এর আলোকে উপর্যুক্ত ব্যাখ্যা প্রদান করা হলো ।

২৯/১০/২০১৭

মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা
দ্বিতীয় সচিব (কাস্টমস ভ্যালুয়েশন)
E-mail: nbrvaluation@yahoo.com

কার্যক্রমের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-৬। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/বেনাপোল/মোংলা/পানগাঁও।

| গভর্নর মহোদয়ের দপ্তর, বাংলাদেশ ব্যাংক | |
|---|---|
| ডাইরী নং- ৯৮৫৮ | তারিখ: ২৯/১০/১৭ |
| ডেপুটি গভর্নর-১ | ☐ জরুরী |
| ডেপুটি গভর্নর-২ | ☐ দ্রুত ব্যবস্থা নিন |
| ডেপুটি গভর্নর-৩ | ☐ দ্রুত আলোচনা করুন |
| নির্বাহী পরিচালক- | ☐ পরীক্ষাপূর্বক উপস্থাপন করুন |
| এমআরএ/এসপিসিবিএল | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| জিএম | ☐ উপস্থাপন করুন |
| | স্বাক্ষর: |

| ডেপুটি গভর্নর-১ | মহোদয়ের শাখা |
|---|---|
| ডাইরী নং ৭৫২৬ | ৩০/১০ |
| ডা: উ: | |
| ইডি- ১ | |
| ইডি (বিশেষায়িত) | |
| | স্বাক্ষর: |

৭-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ রাজশাহী/ চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ রংপুর/ খুলনা/ যশোর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২ /(আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

২৩-২৬। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২৭-২৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৯। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

৩০। মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩১। মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সকল বাণিজ্যিক ব্যাংককে (Authorized Dealer শাখা) অবহিত করার অনুরোধসহ

৩২। সভাপতি, C&F Agents Association (সকল কাস্টম হাউস)।

৩৩। সভাপতি, The Federation of Bangladesh Chambers of Commerce and Industry, 60, Motijheel C/A, Dhaka।

৩৪। সভাপতি, Bangladesh Garment Manufacturers and Exporters Association, BGMEA Complex, 23/1 Pantha Path, Link Road, Kawran Bazar, Dhaka-1215।

৩৫। সভাপতি, Bangladesh Knitwear Manufacturers and Exporters Association, 233/1 Bangabandhu Road, Press Club Building (2nd &3rd Floor), Narayanganj-1400 ।

**বিতরণ:**

৩৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

৩৭। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৩৮। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]

৩৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

৪০। অফিস কপি/গার্ড নথি।